



## ড. আবদুল্লাহ জাহাঙ্গিরের সাথে কিছুক্ষণ

লিখেছেন ডক্টর আ ফ ম খালিদ হোসেন ১১ জুন, ২০১৪, ০৭:৪০:২৪ সন্ধ্যা

কুর্সিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের হাদীস বিভাগের প্রফেসর ড. আবদুল্লাহ জাহাঙ্গির সাহেব এক সংক্ষিপ্ত সফরে চট্টগ্রাম এসেছিলেন। আজ সকালে তিনি ঝিনেদা ফিরে গেছেন। হাটহাজারী দারুল উলুম মুঈনুল ইসলাম ও পটিয়া জামেয়া ইসলামিয়া পরিদর্শন করেন। গতকাল জনাব আবুল কালাম তুহফার বাসভবনে একসাথে দুপুরের খাবার গ্রহণ করি। গতকাল হালিশহর এ-ব্লক কেন্দ্রীয় মসজিদে বাদে মাগরিব তিনি মুসল্লিদের উদ্দেশ্যে ভাষণ দেন এবং বিভিন্ন প্রশ্নের জবাব দেন। তিনি বাংলাদেশে খ্রিস্টান মিশনারীর তৎপরতার এক ভয়াবহ চিত্র তুলে ধরেন। পারস্পরিক ইখতিলাফ যেন হানাহানির রূপ পরিগ্রহ না করে, এ ব্যাপারে তিনি সবার দৃষ্টি আকর্ষণ করেন। আমি সূচনা বক্তব্য রেখেছি। ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের প্রফেসর ও এ মসজিদের খতীব মাওলানা মুস্তফা কামিল সাহেবও বক্তব্য রাখেন। স্থানীয় কতিপয় উদ্যমী তরুণ এ মাহফিলের আয়োজন করেন।